



এফআইডি সার্কুলার লেটার নং : ০২

তারিখঃ ০৪ নভেম্বর ২০১৫  
২০ কার্তিক ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

স্কুল ব্যাংকিং নীতিমালার আওতায় শিক্ষার্থীদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

২৮ অক্টোবর ২০১৩ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ এবং ২৭ সেপ্টেম্বর ২০১৫ তারিখের এফআইডি সার্কুলার নং-০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

স্কুল ব্যাংকিং কার্যক্রম বিষয়ে ইতিপূর্বে নির্দেশনা জারী করা হয়েছে। এ কার্যক্রমকে আরও গতিশীল ও বিস্তৃতকরণের লক্ষ্যে এক্ষণে লক্ষ্যমাত্রা ভিত্তিক স্কুল ব্যাংকিং কার্যক্রম চালুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। স্কুল ব্যাংকিং হিসাব খোলার কার্যক্রমকে জোরদার করার পাশাপাশি শিক্ষার্থীদের মধ্যে আর্থিক শিক্ষা (Financial Literacy) প্রসারের মাধ্যমে কাংখিত লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা যাচ্ছে:

১) স্কুল ব্যাংকিং হিসাব খোলা ও পরিচালনার উদ্দেশ্যে সব ব্যাংক স্বনির্ধারিত বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করবে। প্রতি বছর ডিসেম্বর মাসের মধ্যে পরবর্তী বছরের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা নির্ধারিত ছকে (সংযুক্ত-ক) ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার স্বাক্ষরিত পত্রের মাধ্যমে মহাব্যবস্থাপক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে।

২) তফসিলি ব্যাংকের প্রতিটি শাখা বছরে ন্যূনতম একবার তার কর্ম এলাকার মধ্যে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি) সব ছাত্র-ছাত্রীদের মধ্যে আর্থিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করবে। এ লক্ষ্যে সব ব্যাংক শিক্ষার্থীদের উপযোগী আর্থিক শিক্ষা উপকরণ (পুস্তিকা, লিফলেট, ব্রশিউর, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন, ভিডিও প্রেজেন্টেশন ইত্যাদি) প্রস্তুত করবে। এ কর্মসূচী জানুয়ারী, ২০১৬ এর মধ্যে শুরু করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন (সংযুক্ত-খ) প্রেরণ করতে হবে।

৩) এফআইডি সার্কুলার নং-০৩ এর নির্দেশনানুযায়ী শিক্ষার্থীদের টিউশন ফি সহ অন্যান্য ফিস/চার্জ গ্রহণ এবং শিক্ষা প্রতিষ্ঠান/শিক্ষার্থীদের প্রয়োজনীয় আর্থিক সেবা প্রদান বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করবে। সুযোগ থাকলে, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের সুবিধা গ্রহণ করে এই সেবা কার্যক্রমের গতি বাড়াতে হবে। আর্থিক শিক্ষা প্রসারের পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে এ বিষয়ে প্রচার করতে হবে।

৪) ব্যাংকগুলো স্বনির্ধারণী লক্ষ্যমাত্রা অর্জনে এবং আর্থিক শিক্ষা প্রসারে সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা প্রণয়ন করবে। স্বনির্ধারণী লক্ষ্যমাত্রার সাথে কর্ম পরিকল্পনাও মহাব্যবস্থাপক, ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে।

৫) যে সব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের স্কুল ব্যাংকিং হিসাব খোলা হবে, সে সব শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত বিরতিতে (মাসে ন্যূনতম একবার) শিক্ষার্থীদের সঞ্চয় সংগ্রহের জন্য ভ্রাম্যমাণ কাউন্টার স্থাপন করার উদ্যোগ গ্রহণ করবে।

আপনাদের বিশ্বস্ত,

(নূরুন নাহার)

মহাব্যবস্থাপক

ফোন নং : ৯৫৩০৩৪৩